



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
সিকিউরিটিজ কমিশন ভবন  
ই-৬সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭  
www.sec.gov.bd



স্তু নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখ্যপত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৬

তারিখঃ

২০ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ  
০৩ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

৭৭২ তম কমিশন সভা অদ্য ০৩/০৫/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রংবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

০১. কমিশন অদ্যকার সভায়, Bangladesh Securities and Exchange Commission (Capital Market Stabilization Fund) Rules, 2021 এর খসড়া জনমত যাচাই পরবর্তী অনুমোদন প্রদান করেছে, যাহা অতি শীঘ্রই বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হবে।
০২. কমিশন অদ্যকার সভায়, বিদেশী কোম্পানিকে মিউচুয়্যাল ফান্ড এর স্পন্সর হিসাবে অংশগ্রহণ করার বিষয়ে এক নির্দেশনা অনুমোদিত হয়।
০৩. কমিশন অদ্যকার সভায়, Covid-19 Pandemic Situation ও সরকার ঘোষিত বিধি-নিয়েধ বিবেচনাপূর্বক Debt and Equity Securities ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের জন্য কমিশনে আবেদনের ক্ষেত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বর্ধিত করা হয়েছে। এছাড়াও Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এবং ডিপোজিটরি আইন, ১৯৯৯ এবং উহাদের অধীন প্রণীত বিধিমালা, প্রবিধানমালা, নির্দেশনা এবং আদেশ অনুযায়ী বিভিন্ন আর্থিক হিসাব বিবরণী, প্রতিবেদন, তথ্যাদি ইত্যাদি কমিশন বা স্টক এক্সচেঞ্জ বা ডিপোজিটরি কোম্পানিতে দাখিলের ক্ষেত্রে সরকার ঘোষিত বিধি-নিয়েধ এর সময়সীমা উপ্লেখ্যিত সিকিউরিটিজ আইনে নির্ধারিত সময়ের সাথে অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।
০৪. কমিশন অদ্যকার সভায়, Fareast Finance & Investment Limited এর কার্যাবলীসহ আর্থিক বিবরণী পূর্ণাঙ্গভাবে বিশেষ নিরীক্ষা করার লক্ষ্যে একজন নিরীক্ষক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

।

প্রেসেস  
০৩-০৫-২০২১

মোহাম্মদ রেজাউল করিম  
নির্বাহী পরিচালক ও মুখ্যপত্র